

Standard operating procedure (SOP)

When banned chemical found in factory premises or product then to remove this corrective action procedure (নিষিদ্ধ কেমিক্যাল কারখানার অভ্যন্তরে বা প্রোডাক্টে পাওয়া গেলে তা অপসারণে corrective action পদ্ধতি) :

কারখানার অভ্যন্তরে বা প্রোডাক্টে নিষিদ্ধ কেমিক্যাল পাওয়া গেলে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে তা অপসারণ করা হবে-

- ১.যে অবস্থায় নিষিদ্ধ কেমিক্যাল পাওয়া যাবে সেখানেই তাৎক্ষণিকভাবে তার ব্যবহার বন্ধ করে দিতে হবে ।
- ২.তারপর ব্যবহারকারী সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, সহঃ মহাব্যবস্থাপক(ল্যাব), পরিচালক (টেকনিক্যাল), সহঃ ব্যবস্থাপক (ই.সি.অর), ব্যবস্থাপক কমপ্লায়েন্স কে অবগত করতে হবে ।
- ৩.যে প্রোডাক্টে বা যে প্রক্রিয়ায় নিষিদ্ধ কেমিক্যাল পাওয়া যাবে সেক্ষেত্রে কি কি কেমিক্যাল ব্যবহার করা হয়েছে তা খুঁজে বের করতে হবে ।
- ৪.প্রতিটি কেমিক্যাল কোন কোন সরবরাহকারী প্রতিষ্ঠানের কাছ থেকে ক্রয় করা হয়েছে তা বের করতে হবে ।
- ৫.প্রতিটি কেমিক্যালের জন্য সরবরাহকারী প্রতিষ্ঠানের কাছ থেকে এমএসডিএস (MSDS) এবং এমঅরএসএল সার্টিফিকেট (MRSL Certificate) সংগ্রহ করা হয়েছে কি না Check করতে হবে ।
- ৬.প্রতিটি কেমিক্যালের এমএসডিএস (MSDS) থেকে CAS NO নিয়ে বায়ারের MRSL এর সাথে Cross Check করে নিতে হবে ।
- ৭.কেমিক্যাল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে অভিযোগ জানাতে হবে ।
- ৮.তাৎক্ষণিকভাবে কোমক্যাল ফিরিয়ে নিয়ে যেতে বলা হবে ।
- ৯.কেমিক্যাল সরবরাহকারী প্রতিষ্ঠানের কাছে এধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনার কারন জানতে চাওয়া হবে ।
- ১০.পরবর্তীতে ঘটনার পুনঃরাবৃত্তি রোধে সঠিক এবং কার্যকরী পদক্ষেপ নিতে কেমিক্যাল সরবরাহকারী প্রতিষ্ঠানকে অনুরোধ করতে হবে । ঘটনার পুনঃরাবৃত্তি হলে ব্যবসায়িক কার্যক্রম বন্ধ করে দেওয়া হতে পারে -তা সরবরাহকারী প্রতিষ্ঠানকে জানিয়ে দিতে হবে ।